

🗏 আস-সাজদাহ | As-Sajda | ٱلسَّجْدَة

আয়াতঃ ৩২ : ১৮

💵 আরবি মূল আয়াত:

اَفَمَن كَانَ مُؤمِنًا كَمَن كَانَ فَاسِقًا اللهِ لَا يَستَوُّنَ ﴿١٨﴾ اَفَمَن كَانَ مُؤمِنًا كَمَن كَانَ فَاسِقًا

যে ব্যক্তি মুমিন সে কি ফাসিক ব্যক্তির মত? তারা সমান নয়। — আল-বায়ান
তবে কি, মু'মিন ব্যক্তি পাপাচারীর ন্যায় (হতে পারে)? তারা সমান নয়। — তাইসিরুল
তাহলে কি যে ব্যক্তি মু'মিন হয়েছে সে পাপাচারীর ন্যায়? তারা সমান নয়। — মুজিবুর রহমান

Then is one who was a believer like one who was defiantly disobedient? They are not equal. — Sahih International

১৮. সুতরাং যে ব্যাক্তি মুমিন, সে কি তার ন্যায় যে ফাসেক?(১) তারা সমান নয়।

(১) এখানে মুমিন ও ফাসেকের দুটি বিপরীতমুখী পরিভাষা ব্যবহার করা হয়েছে। মুমিন বলতে এমন লোক বুঝানো হয়েছে, যে আল্লাহকে নিজের রব ও একমাত্র উপাস্য মেনে নিয়ে আল্লাহ তাঁর নবী-রাসূলদের মাধ্যমে যে আইন-কানুন পাঠিয়েছেন তার আনুগত্য করে। পক্ষান্তরে ফাসেক হচ্ছে এমন এক ব্যক্তি যে ফাসেকী আনুগত্য থেকে বের হয়ে আসা বা অন্যকথায় বিদ্রোহ, বল্লাহীন স্বেচ্ছাচারী মনোবৃত্তি ও আল্লাহ ছাড়া অন্য সত্তার আনুগত্যের নীতি অবলম্বন করে। [দেখুন: তাবারী, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১৮) বিশ্বাসী কি সত্যত্যাগীর মতই? [1] ওরা কখনও সমান হতে পারে না।

[1] এটা অস্বীকৃতি বাচক জিজ্ঞাসা। অর্থাৎ, আল্লাহর নিকট বিশ্বাসী মু'মিন ও সত্যত্যাগী কাফের সমান নয়; বরং তাদের উভয়ের মাঝে বিরাট পার্থক্য ও ব্যবধান হবে। মু'মিন আল্লাহর মেহমান হয়ে সম্মানের পাত্র হবে। আর ফাসেক ও কাফের শাস্তির শিকলে বাঁধা অবস্থায় জাহান্নামের অগ্নিকুন্ডে জ্বলতে থাকবে। এ মর্মে অন্য স্থানেও বর্ণনা রয়েছে। যেমন সুরা জাসিয়া১২, সুরা স্বাদ ২৮, সুরা হাশর ২০ আয়াত ইত্যাদি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3521